

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৯১

১. পবিত্রতা (১ পবিত্রতা)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَابُ صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَبُو هِشَامِ الرِّفَاعِيُّ ، حَدَّثَنَا وَكِيعٌ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ ، نَا عَبْدُ الرَّحْمَن بْنُ مَهْدِيّ ، ح: وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، عَنْ زَيْدِ بْنِ أَخْزَمَ ، حَدَّثَنَا أَبُو عَاصِم كُلُّهُمْ عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، وَعُمَرُ بْنُ أَحْمَدَ بْن عَلِيّ الْقَطَّانُ ، قَالَا : نَا مُحَمَّدُ بْنُ الْوَلِيدِ الْبُسْرِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ غُنْدَرٌ ، نَا سُفْيَانُ التَّوْرِيُّ ، عَنْ أَبِي رَوْقِ ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : " كَانَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ يَتَوَضَّأُ ، ثُمَّ يُقَبِّلُ بَعْدَ مَا يَتَوَضَّأُ ، ثُمَّ يُصلِّى وَلَا يَتَوَضَّأُ " هَذَا حَديثُ غُنْدَرِ ، وَقَالَ وَكِيعٌ: " إِنَّ النَّبيَّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ قَبَّلَ بَعْضَ نِسَائِهِ ، ثُمَّ صلَّى وَلَمْ يَتَوَضَّا ۚ " . وَقَالَ ابْنُ مَهْدِي ٓ : " إِنَّ النَّبِيَّ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ قَبَّلَهَا ، وَلَمْ يَتَوَضَّأُ " . وَقَالَ أَبُو عَاصِم : " كَانَ النَّبِيُّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ يُقَبِّلُ ، ثُمَّ يُصلِّي وَلَا يَتَوَضَّأُ ". وَلَمْ يَرْوهِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ غَيْرُ أَبِي رَوْقِ عَطِيَّةَ بْنِ الْحَارِث ، وَلَا نَعْلَمُ حَدَّثَ بهِ عَنْهُ غَيْرَ التَّوْرِيِّ وَأَبِي حَنِيفَةَ ، وَاخْتُلِفَ فِيهِ ، فَأَسْنَدَهُ الثَّوْرِيُّ عَنْ عَائِشَةَ ، وَأَسْنَدَهُ أَبُو حَنِيفَةَ عَنْ حَفْصَةَ ، وَكِلَاهُمَا أَرْسَلَهُ . وَإِبْرَاهِيمُ التَّيْمِيُّ لَمْ يَسْمَعْ مِنْ عَائِشَةَ ، وَلَا مِنْ حَفْصنَةَ ، وَلَا أَدْرَكَ زَمَانَهُمَا ، وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ مُعَاوِيَةُ بْنُ هِشَام عَنِ الثَّوْرِيِّ ، عَنْ أَبِي رَوْقٍ ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ، فَوَصَلَ إِسْنَادَهُ . وَاخْتُلِفَ عَنْهُ فِي لَفْظِهِ ، فَقَالَ عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ عَنْهُ بِهَذَا الْإِسْنَاد: " أَنَّ النَّبِيَّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ كَانَ يُقَبِّلُ وَهُوَ صَائِمٌ " . وَقَالَ عَنْهُ غَيْرُ عُثْمَانَ : " أَنَّ النَّبيَّ \_ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ كَانَ يُقَبِّلُ وَلَا يَتَوَضَّأُ " . وَاللَّهُ أَعْلَمُ



## বাংলা

৪৯১(২০). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম উযু করতেন এবং উযু করার পর চুমা দিতেন, তারপর নামায পড়তেন কিন্তু পুনরায় উযু করতেন না। এটি গুনদার-এর হাদীস। ওয়াকী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোন স্ত্রীকে চুমা দিলেন, তারপর নামায পড়লেন কিন্তু উযু করলেন না। ইবনে মাহদী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে (স্ত্রীকে) চুমা দিলেন, কিন্তু তিনি উযু করলেন না। আবু আসেম বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুমা দিতেন, তারপর নামায পড়তেন, কিন্তু উযু করতেন না। এই হাদীস ইবরাহীম আত-তায়মী (রহঃ) থেকে আবু রাওক আতিয়া ইবনুল হারিস ব্যতীত আর কেউ বর্ণনা করেনিন। আমি জানি না সুফিয়ান সাওরী ও আবু হানীফা (রহঃ) ব্যতীত আর কেউ তার থেকে এই হাদীস বর্ণনা করছেন কি না।

হাদীসটি বর্ণনার ক্ষেত্রে বিরোধ হয়েছে। সুফিয়ান সাওরী আয়েশা (রাঃ) এর সূত্রে এবং আবু হানীফা (রহঃ) হাফসা (রাঃ) এর সূত্রে এ হাদীস বর্ণনা করেছেন। উভয়ে তা মুরসালরূপে বর্ণনা করেছেন। ইবরাহীম আত-তায়মী (রহঃ) আয়েশা (রাঃ) ও হাফসা (রাঃ) থেকে হাদীস শ্রবণ করেননি এবং তিনি তাদের যুগও পাননি। এই হাদীস মুয়াবিয়া ইবনে হিশাম (রহঃ) সুফিয়ান আস-সাওরী-আবু রাওক-ইবরাহীম আত-তায়মী-তার পিতা-আয়েশা (রাঃ) সূত্রে মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন। তার থেকে বর্ণনায় এর মূল পাঠে মতানৈক্য হয়েছে। অতএব উসমান ইবনে আবু শায়বা (রহঃ) তার থেকে এই সনদে বর্ণনা করে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোযা অবস্থায় চুমা দিতেন। উসমান ব্যতীত অন্যরা তার সূত্রে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুমা দিতেন কিন্তু উযু করতেন না। আল্লাহ সর্বাধিক জ্ঞাত।

## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন